# কলকাতার অগ্নিকাণ্ডে নিহতদের মরদেহ দ্রুত দেশে আনা হবে: শামা ওবায়েদ




শামা ওবায়েদ। ছবি: সংগৃহীত

কলকাতার নিউমার্কেট এলাকায় একটি আবাসিক হোটেলে আগুনে নিহত বাংলাদেশিদের মরদেহ দ্রুত দেশে ফিরিয়ে আনার উদ্যোগ নেওয়া হয়েছে বলে জানিয়েছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলাম।

বুধবার (১৯ আগস্ট) পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের সঙ্গে কথা বলার সময় তিনি এ তথ্য জানান।

শামা ওবায়েদ বলেন, কলকাতার হোটেলে আগুনের ঘটনায় এখন পর্যন্ত পাঁচ বাংলাদেশি নাগরিকের মরদেহ শনাক্ত করা হয়েছে। তাদের মধ্যে একই পরিবারের চারজন রয়েছেন। শনাক্ত হওয়া মরদেহগুলো দ্রুত দেশে আনার ব্যবস্থা করা হচ্ছে।

পররাষ্ট্র প্রতিমন্ত্রী আরও জানান, নিহতদের পরিবারের পক্ষ থেকে প্রয়োজন হলে মরদেহ দেশে ফিরিয়ে আনার ব্যয় সরকার বহন করবে।

এর আগে পররাষ্ট্র মন্ত্রণালয় কলকাতার নিউমার্কেট এলাকার অগ্নিকাণ্ডে পাঁচ বাংলাদেশির মৃত্যুর তথ্য নিশ্চিত করে। দুর্ঘটনায় আহত ও নিহত বাংলাদেশিদের স্বজনদের সঙ্গে যোগাযোগ এবং জরুরি সহায়তার জন্য কলকাতায় বাংলাদেশ উপ-হাইকমিশন একটি সার্বক্ষণিক হেল্পলাইন চালু করেছে।

উপ-হাইকমিশনের বিজ্ঞপ্তিতে জানানো হয়, অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত বাংলাদেশি নাগরিক এবং বাংলাদেশে থাকা তাদের পরিবারের সদস্যরা জরুরি প্রয়োজনে হেল্পলাইনে যোগাযোগ করতে পারবেন।

যোগাযোগের ঠিকানা:

মো. ওমর ফারুক আকন্দ

দ্বিতীয় সচিব (রাজনৈতিক)

মোবাইল: +৯১ ৮২৭৪৮২১৩৫২

হোয়াটসঅ্যাপ: +৮৮০১৭১৭২৯১২৬৬, +৯১৯৯০৩৪২৬১১৯

LENS ASIA